# Telephone conversation between PM and President of Brazil

April 04, 2020

# প্রধানমন্ত্রী এবং ব্রাজিলের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে কথোপথকথন

এপ্রিল,04,2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে ব্রাজিলের মহামান্য রাষ্ট্রপতি জাইর মেসিয়াস বোলসোনারো-র টেলিফোনে কথোপকথন হয়েছিল। দুই নেতা কোভিড 19 – অতিমারির প্রাদুর্ভাবে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করেছিলেন।

কোভিড 19 –এর কারণে ব্রাজিলে মৃতব্যক্তিদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী তার শোক জ্ঞাপন করেছেন।তিনি বলেছেন যে, এই সময়ে ব্রাজিলের বন্ধুত্বপূর্ণ মানুষদের সাথে প্রতিটি ভারতীয়র প্রার্থনা রয়েছে।

কোভিড 19 –এর কারণে তৈরি হওয়া গভীর সংকটকে প্রশমিত করার জন্য ভারত এবং ব্রাজিলের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা, দ্বিপাক্ষিক ও সেইসাথে বহুপাক্ষিক সাংগঠনিক পরিকাঠামোর গুরুত্বর উপরে দুই নেতা জোর আরোপ করেছেন। কোভিড পরবর্তী বিশ্বের জন্য বিশ্বায়নের এক মানব-কেন্দ্রিক ধারণারকে জোরালো করার প্রয়োজনীয়তার প্রতি তারা সহমত হয়েছেন।

প্রধানমন্ত্রী এই রকম এক কঠিন সময়ে ব্রাজিলের রাষ্ট্রপতিকে সবরকমের সম্ভাব্য সহযোগিতার আশ্বাস দিয়েছেন। তারা সহমত ব্যক্ত করেছেন যে, কোভিড 19  পরিস্থিতি এবং তার থেকে উদ্ভূত চ্যালেঞ্জগুলি সম্পর্কে তাদের আধিকারিকরা নিয়মিত যোগাযোগ রেখে চলবেন।

এই বছর ভারতের 70 তম প্রজাতন্ত্র দিবসে প্রধান অতিথি হিসেবে ব্রাজিলের রাষ্ট্রপতির অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতাকে স্মরণ করে প্রধান মন্ত্রী, ভারত-ব্রাজিলের বেড়ে চলা বন্ধুত্বর স্পন্দনে তার খুশী ব্যক্ত করেছেন। গত বছর বিআরআইসি-তে ব্রাজিলের নেতৃত্ব প্রদানের জন্যও তিনি ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

নিউ দিল্লি
এপ্রিল,04,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.